

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
www.bkkf.org.bd

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নৈতিকতার সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ মোশারফ হোসেন মোল্লা সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
সভার তারিখ	:	২৪-১২-২০১৯ খ্রি.
সভার সময়	:	বিকাল ০৩:৩০ ঘটিকা
সভার স্থান	:	সচিবের অফিস কক্ষ
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:	:	পরিশিষ্ট 'ক'


সভাপতি উপস্থিত সকল সদস্যের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি ফাউন্ডেশনের প্রতিটি কাজকর্মে নৈতিকতা চর্চা যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। গত ১০-০৭-২০১৯ খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত “নৈতিকতা কমিটির” সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য ও এ বিষয়ে গৃহীত কার্যক্রম অবহিত করার জন্য নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানান। নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, উক্ত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সভায় এ ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করে দেখা যায় যে, কার্যক্রমের ৬ নং ক্রমিকে বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে ফাউন্ডেশনের কোনো কার্যক্রম/প্রকল্প নেই বা এ বিষয়ে বর্তমানে কিছু করণীয় নেই। তাছাড়াও ১২.৩ নং ক্রমিকের কার্যক্রমের বিষয়ে ফাউন্ডেশনের কোন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কোনো কার্যালয় না থাকায় এ বিষয়েও কোনো করণীয় নেই।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

- (১) ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাসিকভাতা/এককালীন অনুদান প্রদানের বিজ্ঞপ্তি ক্রীড়াসেবীদের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৬ নং ক্রমিকে বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে ফাউন্ডেশনের কোন কার্যক্রম না থাকায় উক্ত কার্যক্রমের সূচকের মান ৫নং ক্রমিকে বর্ণিত সুশাসন প্রতিষ্ঠা কার্যক্রমের সূচকের মান সাথে পুনঃবন্টন করা হবে।
- (৩) ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ১২.৩ নং ক্রমিকে বর্ণিত বিষয়ে এ ফাউন্ডেশনের আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কোনো কার্যালয় না থাকায় উক্ত সূচকের মান ১২.২ নং ক্রমিকে সূচকের মানের সাথে যোগ করা হবে।
- (৪) সভায় ফাউন্ডেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের দ্বিতীয় কোয়ার্টারের প্রতিবেদন অনুমোদনপূর্বক মন্ত্রণালয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলাচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

  
২৪/১২/২০১৯  
(মোঃ মোশারফ হোসেন মোল্লা)  
সচিব  
ও  
সভাপতি, নৈতিকতা কমিটি